আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে ৪ প্রার্থীর মনোনয়ন পত্র জমা

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে প্রার্থীদের মনোনয়ন পত্র দাখিলের শেষ দিন মেয়র পদে ৪ জন, সংরক্ষিত আসনে ১৩ জন ও সাধারণ কাউন্সিলর পদে ৩৭ জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

গতকাল রোববার বিকেল ৫ টা পর্যন্ত মেয়র পদে আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব হাসান কাদির গনু, বিএনপির মীর মহিউদ্দিন, স্বতন্ত্র এম সবেদ আলী ও স্বতন্ত্র প্রার্থী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক মনোনয়ন পত্র জমা দেন।

বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনু দলীয় অফিস থেকে নেতা কর্মীদের নিয়ে নির্বাচন অফিসে যান।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, সাংগঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন, আতিয়ার রহমান, পৌর সভাপতি দেলোয়ার হোসেন, পৌর যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা আওয়ামী লীগের ক্রীড়া সম্পাদক মহিদুল ইসলাম মহিদ, উপজেলা ছাত্রলীগের সভাপতি ভাইস চেয়ার এ্যাডভোকেট সালমুন আহম্মেদ ডন, পৌর সভাপতি নয়ন সরকার, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক,

কুমারী ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু ডাউকি ইউনিয়ন চেয়ারম্যান ও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম, বেলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান চঞ্চল, জেলা মৎসজীবী লীগের আহবায়ক শাহাবুল হক, উপজেলা আহবায়ক রেজাইল ইসলাম, কৃষকলীগ নেতা আজিজুল হক,বনিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, জেলা পরিষদ সদস্য মিজানুর রহমান মিজান, যুবলীগের আহবায়ক আনোয়ার হোসেন সোনাহার, মোজাম্মেল হক, আব্দুল গাফ্ফার, কৃষকলীগ নেতা সাহাবুল হক, সাজ্জাদুল হক স্বপন, মোনাউল্লাহ, প্রমুখ।

পরে নির্বাচন কর্মকর্তা এজিএম মোস্তফা ফেরদৌসের হাতে মনোনয়ন পত্র জমা দেন।

এদিকে, রবিবার বেলা ২ টার দিকে বিএনপির মনোনীত প্রার্থী মীর

মহিউদ্দিন দলীয় নেতা কর্মীদের নিয়ে নির্বাচন অফিসে যান। এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির নেতা শরীফুজ্জামান শরীফ, উপজেলা বিএনপির সভাপতি শহিদুল কাউনাইন টিলু, সাধারণ সম্পাদক শেখ সাইফুল ইসলাম, মীর ইসমাইল হোসেন, আনোয়ার হোসেন, সিরাজুল হক মনি, মাহাবুল মেম্বর, মহাসিন আলী, কনক, মীর উজ্জল, সামসুল হক, আয়ুব হোসেন, ইয়াকুব আলী, খাইরুল ইসলাম, আব্দুর রাজ্জাক, সেলিমুল হাবিব প্রমুখ।
পরে নির্বাচন কর্মকর্তার নিকট মনোনয়ন পত্র দাখিল করেন।

অন্যদিকে, রবিবার বিকেল সাড়ে ৩ টার দিকে পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র দাখিল করেন।

এ সময় উপস্থিত ছিলেন, পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবু জিহাদ লাকচু, কোষাধ্যক্ষ শরীফুল ইসলাম, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রিপন, দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, আব্দুল লতিফ প্রধান প্রমুখ।

অন্যদিকে বিকেলে স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী তার কর্মী সমর্থকদের নিয়ে মনোনয়ন পত্র জমা দান করেন।

এ সময় উপস্থিত ছিলেন, আলহাহ্ব মীর আনিসুজ্জামান আনু মিয়া, মীর মনিরুজ্জামার, আলহাজ রফিকুল ইসলাম মুকুল, আলহাজ শহিদুল ইসলাম মন্ডল, সেকেন্দার আলী, উপজেলা জাসদের সভাপতি মোল্লা গোলাম সরোয়ার, সিদ্দিকুর রহমান, আনিস, মন্টু মিয়া।

প্রথম বারের মত ইভিএমে ভোট হচ্ছে। আলমডাঙ্গা পৌরসভার, নির্বাচন কমিশনার উপজেলা নির্বাচন কর্মকর্তা এজিএম মোস্তফা বলেন, ইভিএম পদ্ধতিতে কোন অনিয়ম হবার সুযোগ নেই। এটা একটা স্বচ্ছ নির্বাচন পদ্ধতি। সবাই সহজেই ভোট দিতে পারবেন।

দামুড়হুদায় প্রধানন্ত্রীর প্রকল্পে অনিয়ম

দামুড়হুদায় (ক) শ্রেণীর আওতায় ভূমিহীন-গৃহহীনদের জন্য নির্মাণকৃত বসত বাড়ি নির্মাণকাজে ব্যাপক অনিয়মের অভিযোগে অভিযুক্ত চুক্তিবদ্ধ ওয়াকসপ মালিক ডালিম কে ৫০হাজার টাকা জরিমানা করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালত বসিয়ে নির্মাণকৃত ঘরের দরজায় মালামাল কম দেওয়ার অপরাধে দামুড়হুদার ওয়াকসপ মালিক ডালিম কে জরিমানা করে ভ্রাম্যমাণ আদালতের
বিচারক দিলারা রহমান।

জানা গেছে, প্রধানমন্ত্রীর প্রকল্প (ক) শ্রেণীর আওতায় ভূমিহীন-গৃহহীনদের জন্য দামুড়হুদা উপজেলার ৩২টি পরিবারের বসত বাড়ি নির্মাণ কাজ চলমান রয়েছে। দামুড়হুদা উপজেলা প্রশাসন এই কাজটি সার্বক্ষণিক দেখাশোনা করছে। ঘরের জানালা-দরজা তৈরি করার জন্য দামুড়হুদা বাজারের ডালিম এসএস ইঞ্জিনিয়ারিং কর্ণার এর পরিচালক ডালিম শেখের কাছে গুণগতমানের জানালা-দরজা তৈরির কাজ চুক্তিবদ্ধ হয়।

ডালিম প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে চুক্তি মেতাবেক মালামাল না দিয়ে প্রতিটি দরজায় ৩ কেজি করে মালামাল কম দিয়ে দরজা-জানালার কাজ শেষ করে। গতকাল রবিবার বিকাল ৩টার দিকে উপজেলা নির্বাহী অফিসার দামুড়হুদার হঠাৎপাড়ায় নির্মাণকৃত ঘর পরিদর্শন করতে গেলে ঘরের প্রতিটি দরজায় ৩ কেজি করে মালামাল ফাঁকি দেওয়ার অভিযোগ পান।

এবং সেখানে চুক্তিবদ্ধ ওয়াকসপের মালিক ডালিম কে দোষী করে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সালের ৪৬ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান।

এ সময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা প্রকৌশলী আব্দুল মতিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আশরাফ আলি।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা কাজে সহযোগিতা করেন উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলি, দামুড়হুদা মডেল থানার পুলিশ সদস্য।

জীবননগর পৌর নির্বাচনে প্রার্থীদের মনোনয়ন পত্র দাখিল

আসন্ন জীবননগর পৌর নির্বাচনকে সামনে রেখে মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ দিনে সমাগম ছিল উপজেলা পরিষদ। কঠোর নিরাপত্তার মধ্যে দিয়ে গতকাল রবিবার সকাল থেকে বিকাল ৫টা পর্যন্ত উৎসবমুখর পরিবেশে প্রার্থীরা মনোনয়ন পত্র দাখিল করেন।

উপজেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, আসন্ন জীবননগর পৌর নির্বাচনে মেয়র পদে ৪ জন কাউন্সিলর পদে ৪০ জন এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদে ৯ জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

মেয়র প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র জমা দিয়েছেন, বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত নৌকার প্রার্থী জীবননগর পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রফিকুল ইসলাম রফি, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির মনোনীত ধানের শীষের প্রার্থী শাজাহান কবির, আওয়ামী লীগের বিদ্রোহী স্বতন্ত্র প্রার্থী জীবননগর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বর্তমান জীবননগর পৌরসভার মেয়র জাহাঙ্গীর আলম এবং ইসলামী আন্দোলনের মনোনীত হাত পাখার প্রার্থী খোকন মিয়া।

জীবননগরে কন্যা শিশুর পরিবারের হাতে পুলিশ সুপারের উপহার

মুজিববর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলামের ব্যতিক্রম উদ্যোগ কন্যা সন্তান হলে ফোন করুন পৌঁছে যাবে উপহার।

তারই ধারাবাহিকতায় জীবননগর উপজেলায় ১০টি সদ্য ভূমিষ্ঠ কন্যা শিশুর পরিবারের হাতে ফুল ও নতুন পোশাক পৌঁছে দেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম।

জীবননগরে ভূমিহীনদের ঘর পরিদর্শন করলেন এমপি

‘আশ্রয়নের অধিকার, শেখ হাসিনার উপহার’ প্র্রধান মন্ত্রী শেখ হাসিনার উপহার স্বরুপ জীবননগর উপজেলার গৃহহীন ও ভূমিহীন অসহায় ব্যক্তিদের মাঝে বরাদ্দ দেওয়া ঘর পরিদর্শন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল রবিবার বেলা সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের ঘোষনগরসহ উপজেলার ১৮টি নির্মিত ঘর পরিদর্শন করেন।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা, জীবননগর উপজেলা পরিষদের সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, আওয়ামী লীগ নেতা শাখাওয়াত হোসেন ফরজ, আঃ মালেক মোল্লাসহ স্থানীয় নেতাকর্মীগণ।

এ সময় হাজী আলী আজগার টগর বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা শেখ হাসিনার দেওয়া প্রতিশ্রুতি বাংলাদেশের কোথাও গৃহহীন এবং ভূমিহীন থাকবে না। তাদের সবাইকে পর্যায়ক্রমে বসবাসের জন্য নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করা হবে ।

তারই ধারাবাহিকতায় জীবননগর উপজেলায় ১৮জন ব্যক্তির মাঝে ঘর বরাদ্দ দেওয়া হচ্ছে। পর্যায়ক্রমে যে সমস্ত অসহায় হতদরিদ্র আছে তাদেরকে

মুজিববর্ষ সেভেন ওয়ান অফিসার্স ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২১ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার সকল সরকারি অফিসার্স ক্লাব দলের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়েছে অফিসার্স ব্যাডমিন্টন টুর্নামেন্ট।

ব্যাডমিন্টন টুর্নামেন্টে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার জেলা প্রশাসক জনাব নজরুল ইসলাম সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার জনাব জাহিদুল ইসলাম, চুয়াডাঙ্গা বিজিবির লেঃ কর্নেল খালেকুজ্জামান পিএসসি অধিনায়ক ৬, জনাব নঈম হাসান জোঃ সাধারণ সম্পাদক চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থা জনাব আব্দুল লতিফ খান যুবরাজ চেয়ারম্যান সেভেন ওয়ান।

টুর্নামেন্টটি চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় অফিসার্স ক্লাব মাঠ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

টুর্নামেন্টটির সভাপতিত্ব করেন, জনাব মনিরা পারভীন অতিরিক্ত জেলা প্রশাসক চুয়াডাঙ্গা। সন্ধ্যা ছয়টার সময় অনুষ্ঠানটির উদ্বোধন করেন জনাব নজরুল ইসলাম সরকার। দুইটা গ্রুপে মোট চব্বিশটি টিম অংশগ্রহণ করছে।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সাইমুন জামান নিশা এবং সার্বিক সহযোগিতা করেন রাসেল। টুর্নামেন্টটি আগামীকাল পুরস্কার বিতরণের মধ্য দিয়ে শেষ হবে।

[redacted]

[redacted]

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির মতিবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার প্রাণ কেন্দ্র দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়ছে। গতকাল শনিবার সন্ধ্যায় প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে আলোচনা করেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হাসোন, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সহসভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সহ-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক তারিক জামান, প্রেসক্লাবের সাবক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ।

ক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় আরো আলাচনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সদস্য ইয়াছির আরাফাত মিলন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন।

অন্যান্যদের মধ্যে ছিলেন, জিল্লুর রহমান মধু, মাসুম বিল্লাহ, ইমতিয়াজ আহমেদ রয়েল, আ. রহমান, ওয়াসিম রয়েল, সুজন মাহামুদ, ফরহাদ হোসেন, আবিদ হাসান রিফাত, আ. হান্নান প্রমুখ। সভায় সর্বসম্মতিক্রমে প্রেসক্লাবের গঠনতন্ত্র সংশোধনে এফএ আলমগীরকে আহবায়ক, হানিফ মন্ডল ও মাসুম বিল্লাহকে যুগ্ন আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে। আগামী বৃহস্পতিবারের মধ্যে গঠনতন্ত্র সংশাধনী প্রেসক্লাবে জমা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

কাউন্সিলর হলেন একই পরিবারের তিন নারী

গাংনী পৌরসভা নির্বাচনে একই পরিবারের তিনজন সংরক্ষিত নারী কাউন্সিলর নির্বাচিত হয়েছেন।

নির্বাচিতরা হলেন ১, ২, ৩ নম্বর ওয়ার্ডের ফিরোজা খাতুন, ভোট সংখ্যা ৪, ৫, ৬ নম্বর ওয়ার্ডের মামাত ভাইয়ের বউ ঝর্ণা খাতুন এবং ৭, ৮, ৯ নম্বর ওয়ার্ডের সাজেদা খাতুন।

এদের মধ্যে ফিরোজা খাতুন ও সাজেদা খাতুন সহোদর বোন এবং ঝর্ণা খাতুন তাদের মামাত ভাইয়ের স্ত্রী।

গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা পরিষদের সদস্য মজিরুল ইসলামের দু ভাগ্নে ও একজন ভাগ্নের স্ত্রী।

এবিষয়ে মজিরুল ইসলাম জানান, ফিরোজা খাতুন ও সাজেদা খাতুন আমার বোনের মেয়ে এবং ঝর্ণা খাতুন ভাগ্নের স্ত্রী।

গাংনী পৌরসভার সংরক্ষিত নারী কাউন্সিলর তিনজনেই এক পরিবার থেকে নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানান তিনি। এদিকে নির্বাচিতদের বিভিন্ন মহল থেকে অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা জানানো হচ্ছে।

নবনির্বাচিত মহিলা কাউন্সিলর ঝর্ণা বেগম বলেন, মহান আল্লাহ তায়ালা আমাদের সম্মানিত করেছেন। আমার ৪, ৫,ও ৬ নং ওয়ার্ডের সকল ভোটার ও সর্বসাধারণের প্রতি কৃতজ্ঞতা স্বীকার করছি। আমাদেরকে সম্মানিত করায় সর্বদা পৌরবাসীর সুখে দুঃখে পাশে থাকতে পারি তার জন্য দোয়া ও সহযোগীতা কামনা করেন এ নারী প্রতিনিধি।

উপজেলা নির্বাচন অফিস সুত্রে জানাগেছে, ঝর্ণা বেগম পেয়েছেন ১৫০৫ ভোট, সাজেদা খাতুন পেয়েছন ১৫২৭ ভোট এবং ফিরোজা খাতুন ২৪৫২ ভোট পেয়ে দ্বিতীয়বার নির্বাচিত হয়েছেন।

বুড়িপোতায় মুক্তিযোদ্ধা হেরেং শেখকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামের বিশিষ্ট মুক্তিযোদ্ধা হেরেং শেখকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

রবিবার বিকেলে রাষ্ট্রীয় মর্যাদায় তার দাফন সম্পূর্ণ করা হয়।

এসময় উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম রাষ্ট্রেরপক্ষ থেকে গার্ড অফ অনার প্রদান করেন।

জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত মরহুমের মরদেহ পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় পুলিশের একটি চৌকস দল তাকে গার্ড অব অনার প্রদান করেন এ সময় বিউগলে করুন সুর বেজে ওঠে।

এ সময় উপস্থিত ছিলেন বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামান, তিন নং ওয়ার্ড কাউন্সিলর শরিফ উদ্দিন, সদর উপজেলার সাবেক কমান্ডার আবুল কাসেম, আব্দুল মালেক, সিরাজুল ইসলাম প্রমুখ।